

ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়

# সম্মানের কারণে ভার্টিসি বন্ধের ঘটনা কমেছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষা প্রকল্পন ও উন্নয়ন গবেষণা ফাউন্ডেশন (ফ্রেপড) পরিচালিত 'শিক্ষার মান এবং শিক্ষাঙ্গনে সম্মান : প্রেক্ষিত ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়' শীর্ষক গবেষণায় গত তিন বছরে শিক্ষা প্রতিষ্ঠানে সম্মান, খুন এবং সম্মানজনিত কারণে বিশ্ববিদ্যালয় বন্ধের ঘটনা কমে এসেছে বলে উল্লেখ করা হয়।

শনিবার ফ্রেপড মিলনায়তনে আয়োজিত ফ্রেপড-এর গবেষণা কর্মের ফলাফলের উপর অনুষ্ঠিত আলোচনা সভায় এ তথ্য জানানো হয়।

জাতীয় অধ্যাপক মুহম্মদ শামসউল হকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক। গবেষণাকর্মের সারাংশ উপস্থাপন করেন ডঃ কাজী খলিকুজ্জমান আহমদ। স্বাগত বক্তব্য রাখেন ফ্রেপড-এর সহ-সভাপতি ডঃ কাজী সালেহ আহমেদ।

আলোচনায় অংশ নেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সায়িদুর রহমান খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক আনোয়ার হোসেন প্রমুখ।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, নতুন নতুন বিশ্ববিদ্যালয় যেমন করতে হবে, তেমনি বিষয় ও পাঠ্যসূচি নির্ধারণে দেশ ও জাতির প্রয়োজনকে গুরুত্ব দিতে হবে।

শিক্ষামন্ত্রী বর্তমান সরকারের আমলে সম্মান কমেছে উল্লেখ করে বলেন, সম্মান পুরোপুরি বন্ধ না হওয়া পর্যন্ত চেষ্টা চালিয়ে যেতে হবে। মনে রাখতে হবে একটি সম্মানের ঘটনাও যদি ঘটে বুঝতে হবে সম্মানের বীজ এখনো নির্মূল হয়নি।

অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী বলেন, পরীক্ষাপদ্ধতি মেধা যাচাইয়ের জন্য যথেষ্ট নয়। প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ভাল ফলাফল করলেই মেধাসম্পন্ন ভাবা যায়

না। শিক্ষার মান একটি জটিল বিষয়।

অধ্যাপক এ কে আজাদ চৌধুরী ফ্রেপড-এর গবেষণা কর্মের ফলাফল প্রসঙ্গে বলেন, একই গবেষণায় গত তিন বছরে সম্মান কমেছে এবং সম্মান নির্মূলে সরকারের ভূমিকা যথেষ্ট নয় বলে পরস্পরবিরোধী বক্তব্য গ্রহণযোগ্য নয়। সরকারের ভূমিকা না থাকলে গত তিন বছরে সম্মান কমলো কেমন করে?